দৈনিক ইত্তেফাক

দৈনিক ইত্তেফাক

তারিখ OCT. 12 199[illegible]
পৃঃ কলাম

13

## ফাজিল ক্লাসের ইংরেজী সিলেবাস প্রসঙ্গে

মাদ্রাসা পর্যায়ের ফাজিল ক্লাসে ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষ হইতে ইংরেজী বাধ্যতামূলক করা হইয়াছে। কিন্তু এ পর্যন্ত আমরা ইংরেজী বিষয়ের সিলেবাস পাই নাই। সেইসাথে প্রশ্ন হইতেছে, ইংরেজীর কারণে ফাজিলকে ডিগ্রীর সমমান দেওয়া হইবে কিনা। আর যদি দেওয়া না হয়, তবে ডিগ্রীর সাধারণ ইংরেজী সিলেবাস অনুযায়ী আমাদের প্রশ্নপত্র হইবে, না মাদ্রাসা বোর্ড কর্তৃক আলাদা সিলেবাস ফাজিল ক্লাসের জন্য তৈরী হইবে? বিষয়টির প্রতি মাদ্রাসা শিক্ষা বোর্ডের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

আবুল কালাম মোঃ ওবায়দুল্লাহ,
মুক্তাগাছা আব্বাছিয়া আলিয়া মাদ্রাসা,
মুক্তাগাছা, ময়মনসিংহ।